*Total number of printed pages—16*

**23T-ACOU**
**( BENGALI )**
**(NEW COURSE)**

**2013**

# ACCOUNTANCY

**Full Marks : 100**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

## NEW COURSE
( নতুন পাঠ্যক্রমের জন্য )

1. (a) Fill in the blanks with appropriate word : 1×4=4

উপযুক্ত শব্দের সাহায্যে শূন্যস্থান পূর্ণ করো :

(i) A Receipts and Payments Account is prepared on ______ basis of accounting.

জমা খরচের হিসাব ______ হিসাব রক্ষণের ভিত্তিতে করা হয়।

(ii) When Partners' Capital Account is fixed, then Partners' ______ Account is prepared.

যখন অংশীদারদের মূলধনের হিসাব স্থির থাকে, তখন অংশীদারদের ______ হিসাব প্রস্তুত করা হয়।

(iii) ______ is the extra earning capacity of a business.

______ একটি ব্যবসার অতিরিক্ত লাভ আহরণের ক্ষমতা বোঝায়।

(iv) Unrecorded assets when realised are credited to ______ Account.

অলিখিত সম্পত্তি যখন আদায় হয়, তখন ______ হিসাব ক্রেডিটে হয়।

*Contd.*

(b) Choose the correct alternative : 1×2=2

শুদ্ধ উত্তর বেছে লেখো :

(i) An Income and Expenditure Account reveals :

আয়-ব্যয় হিসাবে দেখায় :

(1) Cash Position

নগদের অবস্থা

(2) Surplus or Deficit

উদ্বৃত্ত (বাড়তি) বা ঘাটতি

(3) Capital Fund

মূলধনীয় পুঁজি

(4) None of the above.

উপরের কোনটিই নয়।

(ii) The portion of the capital which can be called up only on the winding up of the company is called :

কোম্পানীর অবসান হলেই মূলধনের তলবহীন পরিমাণ তলব করা যায়, তাকে বলে :

(1) Authorised Capital

প্রস্তাবিত মূলধন

(2) Issued Capital

বিতরিত মূলধন

(3) Uncalled Capital

তলবহীন মূলধন

(4) Reserve Capital.

সংরক্ষিত মূলধন।

(c) State whether the following statements are true *or* false : 1×2=2

নীচের বাক্যগুলি শুদ্ধ *না* অশুদ্ধ লেখো :

(i) Discount on reissue of forfeited shares cannot exceed the amount received on forfeited shares.

বাজেয়াপ্ত করা অংশ পুনর বিনিয়োগ করতে দেওয়া বাট্টা কখনো বাজেয়াপ্ত অংশ বাবদ পাওয়া টাকার বেশি হতে পারবে না।

(ii) Interest on Debenture is payable only when a company earns profits.

কোম্পানীর লাভ হলেই ঋণপত্রের উপরে সুদ প্রদান করা হয়।

2. What is sacrificing ratio ? 2

ত্যাগানুপাত বলতে কী বোঝ ?

3. Give *two* grounds on which a court may dissolve a firm. 2

কোন *দুটি* বিষয়ের উপর ভিত্তি করে আদালত একটি অংশীদারী ব্যবসার অবসান ঘটাতে পারে লেখো।

4. Name *any two* items that can be shown under sub head 'Reserve and Surplus'. 2

'পুজি ও জমা' অনুশিরনামে (উপপদ) থাকা *যে কোনো দুটি* বিষয়ের উল্লেখ করো।

5. Give *two* objectives of cash flow statement. 2

নগদ প্রবাহ বিবৃতির *দুটি* উদ্দেশ্য লেখো।

6. What is joint life policy ? 2

'যৌথ জীবন বীমা পলিসি' বলতে কী বোঝ ?

7. What are the sources of Cash Flow ? 3

নগদ প্রবাহের উৎসগুলি কী ?

8. Explain Average Profit Method of valuation of good will. 3

সুনামের মূল্যায়নের গড়লাভ পদ্ধতি ব্যাখ্যা করো।

*Or* / *অথবা*

What are the circumstances when a revaluation of assets and liabilities becomes necessary ? 3

কী কী কারণে সম্পত্তি ও দেনা পুনর মূল্যায়ন করা হয় ?

9. Mention the uses of Securities Premium. 3

অধিহার কী কী কারণে প্রয়োগ করতে পারি উল্লেখ করো ?

*Or* / *অথবা*

Mention *three* advantages of issuing debentures. 3

ঋণপত্র বিলিকরণের *তিনটি* সুবিধার উল্লেখ করো।

10. What are contingent liabilities ? Mention *any two* items. 3

সম্ভাব্য দেনা বলতে কী বোঝায় ? *যে কোনো দুই প্রকারের* নাম উল্লেখ করো।

*Or* / *অথবা*

What is the importance of Financial Analysis ? 3

বিত্তীয় বিশ্লেষণের আবশ্যকতা কী ?

11. From the following information, calculate Current Ratio : 3

নীচের তথ্যের ভিত্তিতে চলিত অনুপাত নির্ণয় করো :

| | ₹ |
|---|---|
| Inventory<br>বস্তুর তালিকা (মজুত) | 55,000 |
| Debtors<br>দেনাদার | 40,000 |
| Cash<br>নগদ | 37,000 |
| Creditors<br>পাওনাদার | 48,000 |

| | |
|---|---|
| Bills Receivable<br>প্রাপ্য বিল | 20,000 |
| Advance Tax<br>অগ্রিম কর | 4,000 |
| Bills Payable<br>প্রদেয় বিল | 28,000 |
| Bank overdraft<br>ব্যাঙ্ক ওভারড্রাফ্ট | 4,000 |
| Debentures<br>ঋণপত্র | 2,00,000 |
| Accrued Interest.<br>অর্জিত সুদ। | 4,000 |

12. The Star Cricket Club had a cash balance of ₹ 500 and a bank balance of ₹ 1,000 on 1.4.2011. From the following details, prepare a Receipts and Payments Account for the year ended 31.03.2012 : 5

স্টার ক্রিকেট ক্লাবের 01.04.2011 তারিখে নগদ জমা 500 টাকা ও ব্যাঙ্ক জমা 1000 টাকা উদ্বৃত্ত ছিল। নীচের তথ্য অনুসারে 31.03.2012 তারিখে শেষ হওয়া বৎসরের জমা-খরচের হিসাব প্রস্তুত করো :

| | ₹ |
|---|---|
| Subscription received for the year<br>সারা বছরে প্রাপ্ত অনুদান | 16,000 |
| Subscription outstanding on 31.03.12<br>31.03.12 তারিখে অপ্রাপ্ত (বকেয়া) অনুদান | 2,000 |
| Subscription for 2010-11 received during the current year<br>2010-11 বছরের অনুদান চলিত বছরে প্রাপ্ত | 1,000 |
| Life Member fees received<br>আজীবন সদস্য মাশুল প্রাপ্তি | 5,000 |

| | |
|---|---|
| Donation for Club House Received<br>ক্লাবঘরের জন্য প্রাপ্ত দান | 10,000 |
| Rent paid for the year<br>বাৎসরিক ঘরভাড়া প্রদান | 6,000 |
| Advance rent paid<br>অগ্রিম প্রদান ভাড়া | 600 |
| Sale of Furniture (Book value ₹ 600)<br>বিক্রিকৃত আসবাব (খাতার মূল্য 600 টাকা) | 500 |
| Honorarium to Coach<br>প্রশিক্ষককে স্বেচ্ছাপ্রদত্ত পারিশ্রমিক | 5,000 |
| Sports Expenses<br>খেলার খরচ | 8,000 |
| Construction of Club House<br>ক্লাবঘর নির্মাণের ব্যয় | 9,000 |
| Salary<br>বেতন | 4,500 |
| Printing and Stationery<br>ছাপা ও মনোহারী | 400 |
| Postage and Telegram<br>ডাক ও তার | 600 |
| Maintenance Grant<br>চলবার জন্য অনুদান | 1,000 |
| Depreciation during the year<br>অবক্ষয় | 1,000 |
| Salary outstanding on 31.3.2012<br>31.03.2012 তারিখের অপ্রদত্ত বেতন | 500 |

Outstanding salary on 01.04.2011 paid during the year 500

01.04.2011 তারিখের অদেয় বেতন চলিত বছরে প্রদান

Cash in hand on 31.03.2012 1400

31.3.2012 তারিখে হাতে নগদ জমা

Stationery in hand on 31.03.2012 100

31.03.2012 তারিখে হাতে জমা থাকা মনোহারী

13. Pari and Puja are partners sharing profits as 3:2. Their capitals are ₹ 80,000 and ₹ 60,000 respectively as on 01.04.2011. Net profit of the business for the year 2011-12 was ₹ 40,000 before considering the following : 5

পরী ও পূজা 3 : 2 অনুপাতে লাভ আহরণে অংশীদারী ব্যবসার অংশীদার। তাদের মূলধন যথাক্রমে 80,000 টাকা ও 60,000 টাকা 01.04.2011 ইং তারিখের হিসেবে। 2011-12 বর্ষে নীচে উল্লিখিত বিষয়গুলি না ধরে মোট লাভ ছিল 40,000 টাকা।

*(i)* Interest on capital @ 5% p.a

মূলধনের উপর সুদ বার্ষিক 5%

*(ii)* Salary to Puja ₹ 6000 p.a

পূজার বার্ষিক বেতন 6000 টাকা

*(iii)* Commission to Puja @ 10% of Net Profit after deducting Interest on capital and salary but before charging such commision.

মোট লাভের থেকে মূলধনের উপরে সুদ ও বেতন বাদ দেবার পর, কিন্তু দেয় দস্তুরী প্রদানের পূর্বে লাভের উপর 10% দস্তুরী পূজাকে দিতে হবে।

Prepare a Profit and Loss Appropriation Account for the year ended 31.03.12.

31.03.12 তারিখে শেষ হওয়া বছরের জন্য লাভ লোকসানের সংযোজন হিসাব প্রস্তুত করো।

14. Rohan and Sohan are partners sharing profits and losses in the ratio of 3 : 2. Mohan joins the firm as a new partner for 1/4th share of future profit. Mohan brings ₹ 20,000 as capital and required amount of premium. The goodwill of the firm was valued at ₹ 30,000. Give Journal Entries assuming that partners' capitals are fixed. 5

রোহন ও সোহন 3 : 2 লাভ-লোকসানের ভাগের অনুপাতে একটি অংশীদারী ব্যবসার অংশীদার। মোহন

1/4 অংশ ভবিষ্যতে লাভ পাবার জন্য অন্তর্ভুক্ত হয়। মোহন 20,000 টাকা মূলধন ও আবশ্যকীয় পরিমাণের সুনামের জন্য প্রয়োজনীয় অর্থ আনে। ব্যবসার সুনামের মূল্য 30,000 টাকা স্থির করা হয়। অংশীদারের মূলধন স্থির বলে ধরে আবশ্যকীয় জাবেদা প্রবিষ্টি দাও।

***Or / অথবা***

A and B are Partners sharing profits and losses A – 75% and B–25% respectively. Their Balance Sheet as on 31.03.2012 is given below : 5

A ও B অংশীদার যাদের লাভ-লোকসানের অনুপাত যথাক্রমে A–75% ও B-25%। 31.03.2012 ইং তারিখে তাদের স্থিতিপত্র নিম্নরূপ :

| Liabilities<br>দেনা | | ₹ | Assets<br>সম্পত্তি | | ₹ |
|---|---|---|---|---|---|
| Sundry Creditors<br>বিভিন্ন পাওনাদার | | 40,000 | Cash<br>নগদ | | 20,000 |
| Profit and Loss Account<br>লাভ-লোকসান হিসাব | | 10,000 | Sundry Debtors<br>বিভিন্ন দেনাদার | 16,000 | |
| Capital Accounts :<br>মূলধন হিসাবে : | | | Less-Provision<br>অনাদায়ী ঋণের | | |
| A | 30,000 | | for Bad Debts | 1,000 | 15,000 |
| B | 20,000 | 50,000 | ভবিষ্যৎ ব্যবস্থা | | |
| | | | Stock<br>মজুত | | 35,000 |
| | | | Furniture<br>আসবাব | | 5,000 |
| | | | Plant and Machinery<br>যন্ত্রপাতি | | 25,000 |
| | | 1,00,000 | | | 1,00,000 |

X was admitted as a new partner on the following terms :

X'-কে নীচে প্রদত্ত শর্তসাপেক্ষে নিযুক্তি দেওয়া হয় :

*(i)* That plant and machinery is to be reduced by 25%

যন্ত্রপাতির মূল্য 25% হ্রাস করা হয়।

(ii) Furniture is to be depreciated by 10%.

আসবাবের মূল্য 10% অবক্ষয় করা হয়।

(iii) Bad Debts amounted to ₹ 1,750 and are to be written off.

অনাদেয় ঋণ 1,750 টাকা বাদ দেওয়া হয়েছে।

(iv) There was an unrecorded Typewriter valued at ₹ 5,000.

খাতায় নথিভুক্ত না করা 5,000 টাকার একটি টাইপরাইটার ছিল।

(v) Outstanding legal charges estimated at ₹ 1,250.

বাকী থাকা আইনের বকেয়া খরচ 1,250 টাকা।

Prepare a Revaluation Account.

একটি পুনর মূল্যায়ন হিসাব প্রস্তুত করো।

15. What is a sinking fond ? How is it created ? 5

'সিঙ্কিং ফান্ড' বলতে কী বোঝ ? এটা কিভাবে সৃষ্টি করা হয় ?

16. A Company has issued ₹ 1,00,000, 10% Debentures at 5% discount repayable at 5% premium after 4 years. Give Journal Entries for issue and show the Loss on Issue of Debenture Account over 4 years. 5

একটি কোম্পানী 1,00,000 টাকার, 10% ঋণপত্র 5% বাট্টাতে বিলিকরণ করে 5% অধিহারে ফেরত দেবে 4 বছর পর। এর জন্য জাবেদা প্রবিষ্ট দেওয়া ও ঋণপত্র বিলিকরণে হওয়া লোকসান 4 বছরে কিভাবে দেখাবে দেখাও।

17. What are the uses and importance of financial statements ? 5

আর্থিক অবস্থার বিবৃতির ব্যবহার ও আবশ্যকতাগুলি উল্লেখ করো।

***Or / অথবা***

What are the limitations of Financial Statement Analysis ? 5

বিত্তীয় বিবৃতির বিশ্লেষণের অসুবিধাগুলি কী ?

18. How would you compute the amount due to a retiring partner ? 5

একজন অবসরপ্রাপ্ত অংশীদারের প্রাপ্য টাকা কিভাবে নির্ধারণ করবে ?

19. X, Y and Z are in a partnership sharing profits in the proportion of 5:3:2. On 31.03.2011 their Balance Sheet was as under : 8

X, Y ও Z 5:3:2 অনুপাতে লভ্যাংশ বন্টন নিয়ে অংশীদারী ব্যবসা করে। 31.03.2011 তারিখে তাদের স্থিতিপত্র নীচে দেওয়া নিম্নরূপ :

| Liabilities<br>দেনা | | ₹ | Assets<br>সম্পত্তি | ₹ |
|---|---|---|---|---|
| Creditors<br>পাওনাদার | | 7,000 | Building<br>ঘর | 20,000 |
| Reserve<br>পুঁজি | | 10,000 | Machinery<br>যন্ত্রপাতি | 30,000 |
| Capital Accounts :<br>মূলধন হিসাব : | | | Stock and Debtor<br>মজুত ও দেনাদার | 18,000 |
| X | 35,000 | | Patents<br>পেটেন্টস | 6,000 |
| Y | 20,000 | | | |
| Z | 15,000 | 70,000 | Cash<br>নগদ ধন | 13,000 |
| | | 87,000 | | 87,000 |

X died on 01.10.2011. It was agreed between his executor and the remaining partners that :

01.10.2011 ইং তারিখে X-এর মৃত্যু হয়। তাঁর উত্তরাধিকারী ও অবশিষ্ট অংশীদারদের মধ্যে চুক্তি হয় যে :

*(i)* Goodwill be valued at 2 years' purchase of the average profit of the previous 5 years which were —

সুনামের মূল্য দুই বছর ক্রয় হবে বিগত পাঁচ বছরের গড় লাভের উপরে। বিগত পাঁচ বছরের লাভ এই ধরণের —

| | ₹ |
|---|---|
| 2006 – 07 | 15,000 |
| 2007 – 08 | 13,000 |
| 2008 – 09 | 12,000 |
| 2009 – 10 | 15,000 |
| 2010 – 11 | 20,000 |

(ii) Patents be valued at ₹ 8,000, Machinery at ₹ 28,000, Building at ₹ 30,000.

পেটেন্টসের মূল্য 8,000 টাকা, যন্ত্রপাতির মূল্য 28,000 টাকা ও বাড়ীর মূল্য 30,000 টাকা।

(iii) Profit for the year 2011-12 be taken as having accrued at the same rate as the previous year.

2011-12 বর্ষের লাভ বিগত বছরের সমহারে হবে বলে ধরা হয়েছে।

(iv) Interest on capital be provided at 10% p.a

মূলধনের উপরে সুদ বছরে 10%

(v) A sum of ₹ 11,500 was to be paid to his executors immedidately.

11,500 টাকা তৎক্ষণিকভাবে X-এর উত্তরাধিকারীকে প্রদান করা হয়।

Prepare X's Capital Account and his Executors' Account at the time of his death.

X-এর মৃত্যুকালে তাঁর মূলধনের হিসাব ও তাঁর উত্তরাধিকারীর হিসাব প্রস্তুত করো।

20. Karan Ltd. decided to issue 10,000 shares of ₹ 100 each at a discount of 10%, payable as follows : 8

করণ লিমিটেড 10,000 টি অংশ, যার প্রতিটির মূল্য 100 টাকা, 10% বাট্টায় বিলি করবার সিদ্ধান্ত নেয়। নীচে প্রদত্ত ধরণে বিষয়টি প্রদান করতে হবে :

On Application — ₹ 30

আবেদনপত্রের সঙ্গে

On Allotment — ₹ 40 (After deducting discount)

বন্টনের সঙ্গে (বাট্টা বাদ দেবার পর)

Balance 1st and final call.

অবশিষ্ট প্রথম ও শেষ তলবে।

The company received 9000 applications. All the shares were duly accepted and allotted. All the calls were duly made and all call money received accordingly. Give Journal Entries and prepare a Balance Sheet.

কোম্পানী 9000 আবেদনপত্র সংগ্রহ করে। প্রতি অংশগ্রহণ ও বন্টন করা হয়। সমস্ত তলব করা হয় ও আবশ্যকমতে সমস্ত ধনপ্রাপ্ত হয়। আবশ্যকীয় জাবেদা প্রবিষ্ট দেওয়া ও স্থিতিপত্র প্রস্তুত করে দেখাও।

**Or / অথবা**

Ram, Shyam and Mohan were in partnership sharing profits and losses in the ratio of 3:2:1. On 01.01.2010 Shyam retires from the firm. On that date the Balance Sheet of the firm was as follows : 8

রাম, শ্যাম ও মোহন 3:2:1 অনুপাতে লাভ নিয়ে অংশীদারী ব্যবসায় যুক্ত ছিল। 01.01.2010 তারিখ শ্যাম ব্যবসা থেকে অবসরগ্রহণ করে। উক্ত তারিখে ব্যবসার স্থিতিপত্র নিম্নরূপ :

| Liabilities<br>দেনা | | ₹ | Assets<br>সম্পত্তি | | ₹ |
|---|---|---|---|---|---|
| Sundry Creditors<br>বিভিন্ন পাওনাদার | | 30,000 | Cash in hand<br>হাতে নগদ ধন | | 600 |
| Reserve<br>পুঁজি | | 6,000 | Investment<br>বিনিয়োগ | | 25,000 |
| Bills Payable<br>প্রদেয় বিল | | 2,600 | Debtor<br>দেনাদার | 15,000 | |
| Capitals:<br>মূলধন | | | Less : Provision<br>ভবিষ্যৎ ব্যবস্থা | 1,500 | 13,500 |
| Ram<br>রাম | 20,000 | | Stock<br>মজুত | | 18,500 |
| Shyam<br>শ্যাম | 15,000 | | Furniture<br>আসবাব | | 8,000 |
| Mohan<br>মোহন | 12,000 | 47,000 | Premises<br>কার্যালয় | | 20,000 |
| | | 85,600 | | | 85,600 |

The terms of retirement were :

অবসরের শর্তসমূহ হলো :

*(i)* Goodwill is to be valued at ₹ 12,000.

সুনামের মূল্য 12,000 টাকা।

*(ii)* Premises to be appreciated by ₹ 5,000.

কার্যালয়ের মূল্য বৃদ্ধি 5,000 টাকা।

(iii) Furniture to be depreciated by ₹ 1,000.

আসবাবের অবক্ষয় 1,000 টাকা।

(iv) Provision for bad debts to be increased by ₹ 400.

অনাদায় ঋণের বাবদ ভবিষ্যৎ ব্যবস্থা 400 টাকা বৃদ্ধি করা হয়।

(v) Investments were sold at book value and the amount due to Shyam was paid off.

হিসাবে থাকা মূলে বিনিয়োগ বিক্রি করে শ্যামকে দেয় টাকা পরিশোধ করা হয়।

Pass Journal Entries to record the necessary adjustments for retirement of Shyam.

শ্যামের অবসরের জন্য আবশ্যকীয় সংযোজন জাবেদা প্রবিষ্ট দাও।

21. Shiba and Dhruba are partners in a firm. The Trial Balance of the firm as on 31.03.2011 was as follows : 8

শিব ও ধ্রুব অংশীদারী ব্যবসায়ী। 31.03.2011 ইং তারিখে ব্যবসার উদ্ধৃত ট্রায়াল ব্যালেন্সপত্র (মিলনপত্র) নিম্নরূপ :

Trial Balance

(ট্রায়াল ব্যালেন্স)

| Debit<br>ডেবিট | ₹ | Credit<br>ক্রেডিট | | ₹ |
|---|---|---|---|---|
| Machinery<br>যন্ত্রপাতি | 54,000 | Capital :<br>মূলধন : | | |
| Goodwill<br>সুনাম | 10,000 | Shiba<br>শিব | 50,000 | |
| Patents<br>পেটেন্টস | 20,000 | Dhruba<br>ধ্রুব | 40,000 | 90,000 |
| Sundry Debtors<br>বিভিন্ন দেনাদার | 21,000 | Sundry Creditors<br>বিভিন্ন পাওনাদার | | 5,000 |
| Cash in hand<br>হাতে নগদ | 1,000 | Interest on Investment<br>বিনিয়োগের সুদ | | 400 |
| Closing stock on 31.3.2011<br>31.3.2011 ইং তারিখে শেষ করা মজুত | 25,000 | Sundry Receipts<br>বিভিন্ন প্রাপ্তি | | 200 |

| | | | | |
|---|---|---|---|---|
| Investments<br>বিনিয়োগ | | 10,000 | Bank overdraft<br>ব্যাঙ্ক ওভারড্রাফ্ট | 10,000 |
| Depreciation on Machinery<br>যন্ত্রপাতির উপর অবক্ষয় | | 6,000 | Outstanding wages<br>অপ্রদত্ত মজুরি | 500 |
| Establishments<br>কার্যালয়ের ব্যয় | | 10,000 | Trading Account (Gross Profit)<br>ব্যবসায়ের হিসাব (মোট লাভ) | 71,000 |
| Carriage outward<br>বিক্রয়জনীত পরিবহণ | | 1,000 | Discount<br>বাট্টা | 900 |
| Taxes<br>কর | | 500 | Bills Payable<br>প্রদেয় বিল | 2,000 |
| Telephone Charges<br>টেলিফোনের খরচ | | 3,600 | | |
| Conveyance<br>যাতায়াত | | 800 | | |
| Drawings :<br>আহরণ: | | | | |
| Shiba<br>শিব | 5,000 | | | |
| Dhruba<br>ধ্রুব | 4,000 | 9,000 | | |
| Salaries<br>বেতন | | 8,000 | | |
| Bank Charges<br>ব্যাঙ্কের খরচ | | 100 | | |
| | | 1,80,000 | | 1,80,000 |

Prepare a Profit and Loss Account and a Profit and Loss Appropriation Account for the year ended 31.03.2011 and also a Balance Sheet as on that date after taking into consideration the following adjustments :

31.03.2011 তারিখে শেষ হওয়া বছরের জন্য লাভ-লোকসানের হিসাব ও লাভ-লোকসান উপযোজন হিসাব ও উক্ত তারিখে নীচে দেওয়া বিষয়সমূহ হিসাব করে স্থিতিপত্র প্রস্তুত করো :

*(i)* Write off ₹ 1,000 as bad debts and provide a 5% provision on sundry debtors for doubtful debts.

1000 টাকা অনুদায় ঋণ বাবদ বাদ দেবার পর 5% হারে দেনাদারের উপর ভবিষ্যতের ব্যবস্থা করো :

*(ii)* Interest on investment accrued ₹ 600.

বিনিয়োগের উপর অর্জিত সুদ 600 টাকা।

*(iii)* Interest on Partners' Capital is allowed @ 5% p.a.

মূলধনের উপর 5% হারে সুদ নির্ধারণ করো।

*(iv)* Create a General Reserve by taking ₹ 5,000 out of profits.

লাভ থেকে 5,000 টাকা সাধারণ পুঁজিতে স্থানান্তর করো।

22. Fair Deal Ltd. invited application for the issue of 2,000, 10% Debentures of ₹ 100 each at a discount of 10% payable ₹ 30 on application on 1st May, 2010, ₹ 30 on allotment (after deducting discount) on 1st June, 2010 and the balance on first and final call on 1st July, 2010. All the debentures were fully subscribed. Debenture money was duly called and paid up. 8

Give Journal Entries and show how the debentures and Debenture Discount will be shown in the Balance Sheet of the company.

ফেয়ারডিল লিমিটেড 2,000টি 100 টাকার 10% ঋণপত্রের জন্য আবেদনপত্রের আমন্ত্রণ জানায়। ঋণপত্রসমূহ 10% বাট্টায় বিলি করা হবে। এই আবেদনের জন্য 01.05.2010 ইং তারিখে 30 টাকা, 01.06.2010 ইং তারিখে আবন্টনের জন্য 30 টাকা (বাট্টা বাদ দেবার পর) ও 01.07.2010 ইং তারিখে বাকী অবশিষ্ট পরিমাণ প্রথম ও শেষ তলবে আদায় দিতে হবে। সমস্ত ঋণপত্রের জন্য আবেদন আসে ও ঋণপত্রের জন্য আবশ্যকীয় তলব করার পর সমস্ত ধনপ্রাপ্তি ঘটে।

আবশ্যকীয় জাবেদা প্রবিষ্ট দাও ও স্থিতিপত্রে ঋণপত্র সমূহ কিভাবে দেখাতে হবে দেখাও।

***Or / অথবা***

Janata Iron Ltd. has forfeited the following shares of ₹ 10 each fully called up for non-payment of allotment and call moneys.

আবন্টন ও তলবের টাকা না দেবার ফলে নীচে প্রদত্ত সম্পূর্ণ তলবীকৃত 10 টাকা দামের অংশপত্রগুলি জনতা আয়রন লিমিটেড বাজেয়াপ্ত করে :

*(a)* 200 shares held by A who has paid Application money of ₹ 2 each only.

A -এর 200 অংশপত্র যেগুলির জন্য A আবেদন বাবদ 2 টাকা মাত্র আদায় দিয়েছিল।

(b) 300 shares held by B who has paid application and allotment money of ₹ 2 and ₹ 3 each respectively.

B-এর 300 অংশপত্র যেগুলির জন্য B আবেদন ও আবন্টনের জন্য যথাক্রমে 2 টাকা ও 3 টাকা আদায় দেয়।

(c) 400 shares held by C who has paid Application, Allotment and First call money of ₹ 2, ₹ 3 and ₹ 2 each respectively.

C-এর অংশপত্র যেগুলির জন্য C আবেদন, আবন্টন ও প্রথম তলার টাকা যথাক্রমে 2 টাকা, 3 টাকা ও 2 টাকা দিয়েছিল।

All the above forfeited shares have been re-issued at a discount of 10%. Expenses on re-issue amounted to ₹ 500.

উপরোক্ত বাজেয়াপ্ত করা সমস্ত অংশপত্র 10% বাট্টাতে পুনর বিলি করা হলো। পুনর বিলিকরণ বাবদ 500 টাকা খরচ হয়।

Give journal entries in the books of Janata Iron Ltd.

জনতা আয়রণ লিমিটেডের খাতায় জাবেদা প্রবিষ্ট দাও।

———×———